



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**18 May 2026**

**7:35 AM IST**

আসাম বিধানসভার চারদিনব্যাপী অধিবেশন আগামী ২১ শে মে থেকে শুরু হবে। অধিবেশনের প্রথম দিন সকাল সাড়ে ৯ টা থেকে নবনির্বাচিত বিধায়কদের শপথ গ্রহণ অনুষ্ঠিত হবে। বিধানসভার অস্থায়ী অধ্যক্ষ চন্দ্রমোহন পাটোয়ারী নবনির্বাচিত বিধায়কদের শপথ বাক্য পাঠ করবেন। ষোড়শ বিধানসভায় নির্বাচিত ১২৬ জন প্রতিনিধির মধ্যে ৪৭ জন হচ্ছেন নতুন বিধায়ক। নতুন জনপ্রতিনিধিরা যাতে কোনো ধরনের অসুবিধার সম্মুখীন না হন, সেজন্য বিধানসভা সচিবালয় নবনির্বাচিত বিধায়কদের পরিচয় পত্র সংগ্রহ করতে আহ্বান জানিয়েছে।

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ, সি বি এস ই ভাষা নীতির ক্ষেত্রে বেশকিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপের কথা ঘোষণা করেছে। সেই অনুযায়ী পয়লা জুলাই থেকে নবম শ্রেণীর শিক্ষার্থীদের ২০২৬-২৭ শিক্ষাবর্ষে তিনটি ভাষা অধ্যয়ন করতে হবে। সি বি এস ই র অধীনে সব

বিদ্যালয়ে এই নীতি বলবৎ হবে । অবশ্য দশম শ্রেণীর ছাত্র ছাত্রীদের ক্ষেত্রে তৃতীয় ভাষাটির জন্য কোনো ধরনের পরীক্ষা অনুষ্ঠিত করা হবে না । এর আগে সি বি এস ই ষষ্ঠ শ্রেণী থেকে তিনটি ভাষায় শিক্ষা গ্রহণের কথা ঘোষণা করেছিল ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১ শে মে আকাশবাণীর মাধ্যমে প্রচারিত নিয়মিত মনকী বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন । এটি হবে অনুষ্ঠানটির ১৩৪ তম পর্ব । জনসাধারণ এই অনুষ্ঠানের জন্য টোল-ফ্রি নম্বর ১৮০০-১১-৭৮০০ এ ফোন করে তাদের মনের ভাব ব্যক্ত করা সহ পরামর্শ প্রদান করতে পারবেন । এছাড়া নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাই গভ মুক্ত মঞ্চের মাধ্যমেও মতামত বা পরামর্শ প্রদান করতে পারবেন । জনসাধারণ ১৯২২ মিসকল দিয়ে প্রাপ্ত এস এম এসে উল্লেখ থাকা লিঙ্কে ক্লিক করেও প্রধানমন্ত্রীর কাছে প্রত্যক্ষভাবে পরামর্শ দিতে পারবেন । মনকী বাতের এই পর্বের জন্য ২৯ শে মে পর্যন্ত মতামত ও পরামর্শ প্রেরণ করা যাবে ।

---

কেন্দ্রীয় যুব পরিক্রমা এবং ক্রীড়া মন্ত্রকের উদ্যোগে এবং গৃহ মন্ত্রকের সহযোগিতায় মাই ভারত মঞ্চের মাধ্যমে বিকশিত ভাইব্রেন্ট ভিলেজ কার্যসূচী-২০২৬ সম্পর্কে দেশব্যাপী কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হবে । মন্ত্রক জানিয়েছে যে আগামী ২০ মে অনলাইনে আয়োজিত এই কুইজ প্রতিযোগিতায় সমগ্র দেশের যুবক-যুবতীরা অংশগ্রহণ করতে পারবে

। কুইজে শ্রেষ্ঠ প্রদর্শন করা প্রতিযোগীদের যোগ্যতা এবং শারিরীক সুস্থতার মূল্যায়ন করা হবে এবং আগামীমাসে সীমান্তবর্তী গ্রামে সপ্তাহব্যাপী কার্যসূচীতে দেশের বিভিন্ন রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের পাঁচশ জন মাই ভারত স্বেচ্ছাসেবক বাছাই করা হবে । উল্লেখ্য যুব পরিক্রমা এবং ক্রীড়া মন্ত্রকের প্রকাশ করা তথ্য মতে এই কুইজে অংশগ্রহনকারী প্রতিযোগীদের সীমান্তবর্তী গ্রামের রূপান্তর , স্থানীয় সংস্কৃতি, পরিবেশ বিষয়ক সচেতনতা এবং সীমান্ত অঞ্চলগুলিকে সুঢ় করার জন্য সরকারের গ্রহন করা পদক্ষেপ সম্পর্কে অবগত করতে মাই ভারত মঞ্চ দীঘ্র দিন থেকে কাজ করে আসছে ।

---

শিলচরের সম্মিলিত সাংস্কৃতিক মঞ্চের উদ্যোগে হৃদয়ে রবীন্দ্রনাথ চেতনায় উনিশ # শীর্ষক মাসব্যাপী কার্যসূচীর অংশ হিসেবে গতকাল ১৯ শে এর মহাপথচলা অনুষ্ঠিত হয়েছে । রাঙ্গিরখাড়ি থেকে এই পথচলা শুরু হয়ে জেলা ক্রীড়া সংস্থার মাঠে এসে শেষ হয় । এতে বরাক উপত্যকার ভাষা প্রেমী ,সংস্কৃতিকর্মী ,বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী সহ অন্যান্যরা প্ল্যাকার্ড ,ফেস্টুন নিয়ে অংশগ্রহণ করেন ।

---

হাইলাকান্দি পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে গত শুক্রবারের অবিরাম বৃষ্টি ও ভূমিধ্বসের ফলে জেলার পাঁচগ্রাম থানার অধীন মীরাপিং দরগাহের সামনে থাকা আর সি সি সেতুটি ভেঙ্গে পড়ায় যোগাযোগ ব্যবস্থা ব্যাহত হয়ে পড়ে তবে যাতায়াত ব্যবস্থা পুনরায় স্বাভাবিক করে তুলতে ব্যবস্থা গ্রহন করা হয়েছে । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে এর জন্য আগামী দু দিনের মধ্যে একটি অস্থায়ী সেতু নির্মান করা হবে ।

এ বিষয়ে কথা বলতে গিয়ে পূর্ত বিভাগের কার্যবাহী আধিকারীক শুভেন্দু দাস আমাদের প্রতিনিধিকে জানান -----

বাইট

.....

শ্রীভূমি জেলার শিল্প ও বানিজ্য কেন্দ্র থেকে এক বিজ্ঞপ্তী জেলায় পরম্পরাগত হস্তশিল্প , বেত , বাঁশ , শীতলপাটি নির্মানের কাজে যুক্ত পঞ্জীকৃত সমবায় সমিতি , যারা মুখ্যমন্ত্রীর স্থানীয় উদ্যোগ বিকাশ যোজনার অধীনে অনুদান বা সুবিধা গ্রহনে ইচ্ছুক , তাদেরকে আগামী ৩০শে মে-র মধ্যে নির্ধারিত প্রপত্রে আবেদন করতে আহ্বান জানানো হয়েছে । এ বিষয়ে বিশদে জানতে জেলার পঞ্জীকৃত সমবায় সমিতিকে জেলার শিল্প ও বানিজ্য কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে ।

.....

হাইলাকান্দি জেলার খাদ্য , অসামরিক সরবরাহ ও গ্রাহক পরিক্রমা বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলার খাদ্য সুরক্ষা যোজনার রেশন কার্ডধারীদের মধ্যে বিতরনের জন্য কেরোসিন বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে গ্রাম ও শহরের রেশন কার্ডধারীরা একসাথে তিন মাসের কেরোসিন সহ আরো অতিরিক্ত কেরোসিন নিজ এলাকার হকার থেকে সংগ্রহ করতে পারবেন । উল্লেখ্য জেলার ১৭টি সমবায় সমিতিকে নির্ধারিত এস কে ওয়েল ডিপো থেকে কেরোসিন সংগ্রহ করে ডিলারদের মাধ্যমে বিতরন করতে বলা হয়েছে । জেলায় মোট ৬০ হাজার লিটার কেরোসিন বরাদ্দ করা হয়েছে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয় ।

---

---